দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 26 MAY 1988
পৃষ্ঠা 2 কলাম 7

90

## প্রসঙ্গ ঃ ডিগ্রী পরীক্ষার ফল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষা প্রায় ৫ মাস পূর্বেই শেষ হইয়াছে। কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত ফলাফল প্রকাশ হয় নাই। সেশন জট নিরসনে কর্তৃপক্ষ বার বার তাগিদ দিতেছেন। অথচ এদিকে ফলাফল প্রকাশের কোন তাগিদ নাই। অতিশীঘ্রই ফলাফল প্রকাশ করার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ মতিউর রহমান (মতি), ৭২/১, দীন মোহাম্মদ কলোনী, ঢাকা সেনানিবাস।

## ইডেন হোস্টেলের সমস্যা

আমরা ইডেন পুরাতন হোস্টেলের ছাত্রী। প্রতি শুক্রবারে আমাদের আত্মীয়-স্বজনরা আমাদের সঙ্গে দেখা করিতে আসেন। কিন্তু আমাদের হোস্টেলে পুরুষ ভিজিটারদের জন্য কোন টয়লেটের ব্যবস্থা নাই। ফলে তাঁহারা ভীষণ অসুবিধার সম্মুখীন হয়। অনেক সময় তাহাদের অবস্থা সঙ্গীন হইয়া পড়ে এবং ছাত্রীরাও বিব্রতকর অবস্থার সম্মুখীন হয়। অতএব ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আবেদন এই যে, অতিসত্বর পুরাতন হোস্টেলে পুরুষ ভিজিটরদের জন্য টয়লেটের ব্যবস্থা করা হউক।

—কাজী শামীমা, পুরাতন হোস্টেল, ইডেন কলেজ, ঢাকা।